

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৫/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ নুরুল ইসলাম
পিতা-মরহুম হাজী আব্দুল মজিদ
সেকশন-১২, ব্লক-ই
লাইন নং-০১, বাসা নং-৪৫
পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬।

প্রতিপক্ষ : জনাব আয়েশা হক
সহকারী কমিশনার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৮-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী ২৫-১০-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব টিনা পাল, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১২-১১-২০১৫ ইং তারিখের অভিযোগ এবং গত ১৭-০৯-২০১৫ ইং তারিখের ১২ নং স্মারকের তদন্ত প্রতিবেদন সহ ভূমি মন্ত্রণালয় স্মারক নং-৩১.০০.০০০০ .০৪২.৪১.১১৪.১৪-৪২৬/১(২) এবং তারিখ ০৮-০৬-২০১৫ জবাবে লিখিত আকারে জানতে চান।

২। নির্ধারিত সময়ে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৯-১২-২০১৫ তারিখে কমিশনার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১২-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২২-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। অভিযোগকারী হাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সময়ের আবেদন করে গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর সময়ের আবেদন মঞ্জুর করে পরবর্তী ১৮-০৪-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৫। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৬। প্রতিপক্ষ জনাব আয়েশা হক, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, তদন্ত চলমান থাকায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭(ঠ) উপধারা অনুযায়ী অভিযোগকারীকে তথ্য প্রদান করা হয় নি। ফলে অভিযোগকারী বিভাগীয় কমিশনার, ঢাকা এর নিকট আপীল করলে তিনি অভিযোগের তদন্ত শেষে তথ্য সরবরাহের নির্দেশ দিয়েছেন। ইতিমধ্যে তদন্ত কার্যক্রম শেষ হয়েছে। এক্ষণে প্রার্থীত তথ্য সরবরাহ করতে তিনি প্রস্তুত আছেন।

পর্যালোচনা

উভয়পক্ষের দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তদন্ত চলমান থাকায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য প্রদান করা আইনত সম্ভব হয় নি। তবে ইতিমধ্যে তদন্ত কার্যক্রম সমাপ্ত হওয়ায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রার্থিত তথ্যের মূল্য পরিশোধের জন্য অভিযোগকারীকে পত্র দিবেন এবং তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব আয়েশা হক, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]